গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৯-৮২ তারিখঃ-০৪/০৪/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মনিটরিং কমিটির ৬ষ্ঠ সভা।

সভার স্থানঃ মিনি সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮)
তারিখঃ ০৩.০৪.২০১৯ খ্রিঃ
সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা
সভাপতিঃ জনাব মোঃ আনোয়ার হোসেন
যুগ্মসচিব (পার) ও সভাপতি, মনিটরিং কমিটি

**উপস্থিতঃ পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কারো কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি ও বর্তমান আলোচ্যসূচী সম্পর্কে বিস্তারিত আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনার বিষয় | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| **ক) উপস্থিতি**<br>উপস্থিতির অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, গত সপ্তাহান্তে জাতীয় গড় উপস্থিতি ছিল ৭৫.১৮%। সর্বোচ্চ উপস্থিতি ছিল খুলনা বিভাগে ৮৪.০৫% এবং দ্বিতীয় সর্বোচ্চ উপস্থিতি ছিল বরিশাল বিভাগে ৮২.১৪%। কোন বিভাগেরই গড় উপস্থিতি ৭১% এর নীচে দেখা যায়নি। এ পর্যায়ে সভাপতি মনিটরিং এর সাথে যুক্ত সকল পর্যায়ের কর্মকর্তাগণকে বায়োমেট্রিক হাজিরা বৃদ্ধিতে অবদান রাখার জন্য ধন্যবাদ জানান ও তাদের প্রচেষ্টা অব্যাহত রাখার আহবান জানান। সদস্য সচিব জানান যে, বায়োমেট্রিক সিস্টেমে সংযুক্ত দেশের ৪৯৫টি প্রতিষ্ঠানের মধ্যে ৪৮৭টি প্রতিষ্ঠানের ব্যায়োমেট্রিক তথ্য পাওয়া গেছে যা প্রায় ৯৮%। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করে শতভাগ প্রতিষ্ঠান থেকে ব্যায়োমেট্রিক তথ্য প্রেরণের উপর গুরুত্তারোপ করেন এবং কোন প্রতিষ্ঠান থেকে তথ্য পাওয়া না গেলে তাৎক্ষনিকভাবে ব্যবস্থা গ্রহণ করার জন্য মনিটরিং কর্মকতাগণ কে অনুরোধ যানান। | **ক)** কোন প্রতিষ্ঠান থেকে বায়োমেট্রিক তথ্য পাওয়া না গেলে মনিটরিং কর্মকর্তাগণ তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করবেন।<br>**খ)** বায়োমেট্রিক মেশিনসমূহ শতভাগ সচল রাখার জন্য পরিচালক (এম আই এস) স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | ১. সকল মনিটরিং কর্মকর্তা<br>২. পরিচালক (এম আই এস) স্বাস্থ্য অধিদপ্তর। |
| **খ) Check In-Check Out তথ্য**<br>১. উপস্থিতির হার বৃদ্ধি পেলেও বায়োমেট্রিক তথ্য পর্যালোচনায় দেখা যায় যে এখনো Check Out Impression না দেয়ার পরিমান অনেক বেশী। বিষয়টিতে উদ্বেগ প্রকাশ করে সভাপতি সংশ্লিষ্ট সিভিল সার্জনগণকে Check Out Impression নিশ্চিত করার পরামর্শ দেন।<br>২. প্রতিটি প্রতিষ্ঠানের বায়োমেট্রিক Display Summary Sheet-এ 'Present'- 'Absent'- এর পাশাপাশি 'Not Check Out' এবং 'Late' এর লিংকও Display করার ব্যবস্থা করার জন্যও পরিচালক (এম আই এস) প্রতি অনুরোধ জানান।<br>৩. সভাপতি মনিটরিং কর্মকতাগণকে Check In-Check Out তথ্য নিয়মিত মনিটরিং করার পরামর্শ দেন। | ১. সিভিল সার্জন সংশ্লিষ্ট জেলায় বায়োমেট্রিক হাজিরা সিস্টেমে কর্মকর্তা ও কর্মচারিগণ যাতে দৈনিক Check In Impression এর পাশাপাশি Check Out Impression-ও প্রদান করেন তা নিশ্চিত করবেন।<br>২. প্রতিটি প্রতিষ্ঠানে বায়োমেট্রিক এটেনডেন্স সামারি ডিসপ্লেতে বিদ্যমান 'Present', 'Absent' এর পাশাপাশি 'Not Check Out' 'Late' এসব লিংকও দেখানোর ব্যবস্থা করতে হবে।<br>৩. মনিটরিং কর্মকর্তাগণ Present- Absent এর পাশাপাশি 'Not Check Out' 'Late' এসব তথ্যও মনিটরিং করবেন। | ১. সকল সিভিল সার্জন<br>২. পরিচালক (এম আই এস) স্বাস্থ্য অধিদপ্তর।<br>৩. সকল মনিটরিং কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| গ) **ইকুইপমেন্ট তথ্য হালনাগাদ করণ**<br>স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে-ইকুইপমেন্ট তথ্যের সাথে সরেজমিনে প্রাপ্ত তথ্যের গরমিল পাওয়া যাওয়ায় ওয়েবসাইটে-ইকুইপমেন্ট তথ্য হাল নাগাদ করার বিষয়ে গত সপ্তাহে পরিচালক- (এম আই এস) এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। এ বিষয়ে অগ্রগতি জানানোর জন্য আগামি সপ্তাহে পরিচালক (এম আই এস) কে মনিটরিং সভায় উপস্থিত থাকার জন্য আহবান জানানো হয়। | পরিচালক (এম আই এস), স্বাস্থ্য অধিদপ্তরকে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হলো। | পরিচালক (এম আই এস), স্বাস্থ্য অধিদপ্তর |
| ঘ) **প্রতিষ্ঠানের তথ্য হালনাগাত করণ**<br>সভায় আলোচিত হয় যে, প্রতিষ্ঠান প্রধানগণ বদলী হলেও প্রতিষ্ঠানের যোগাযোগ নম্বর হালনাগাদ করা হয় না। ফলে ঐ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। সভাপতি প্রতিষ্ঠান প্রধান বদলী হওয়ার সাথে সাথেই প্রতিষ্ঠানের যোগাযোগ নম্বর হালনাগাদ করার উপর গুরুত্ব দেন। কর্পোরেট নম্বর চালু হলে এ সমস্যা আর থাকবেনা বলে তিনি মন্তব্য করেন। তিনি ইতোপূর্বে কর্পোরেট নম্বর চালু করার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের উপর গুরুত্ব দেন। | প্রতিষ্ঠান প্রধান দায়িত্ব গ্রহণের সাথে সাথে যোগাযোগ নম্বরসহ ওয়েবসাইটে সংশ্লিষ্ট সকল তথ্য হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। |
| ঙ) **বিবিধ**<br>বিশদ আলোচনার পর নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি উইং প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচিত হয়।<br>১. ক) **আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ**<br>এক্সরে মেশিন প্রায় চার বছর পর্যন্ত বিকল। মেরামতের জন্য নিমিউ-তে প্রেরণ করা হয়েছে।<br>খ) এ্যাম্বুলেন্স ঠিকমত কাজ করছেনা মেরামত করা প্রয়োজন।<br>গ) ফায়ার ফাইটিং এর কোন ব্যবস্থা নেই।<br>২.**হাটহাজারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাটহাজারী, চট্টগ্রাম**<br>কমপ্লেক্সের এক্সরে মেশিন প্রায় দুই বৎসর যাবত নষ্ট নিমিউ-তে পাঠানো হয়েছে।<br>৩. **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তজুমউদ্দিন, ভোলাঃ**<br>ইসিজি মেশিন নাই। ইসিজি টেকনিশিয়ান ও নেই। এনালগ এক্সরে মেশিন অচল অবস্থায় আছে।<br>৪. **কক্সবাজার সদর হাসপাতালঃ**<br>তত্ত্বাবধায়ক ও সহকারি পরিচালক পদ শূন্য থাকয় হাসপাতালটিতে প্রশাসনিক শূন্যতা দেখা দিয়েছে। দ্রুত পদায়ন প্রয়োজন।<br>৫. **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজারঃ**<br>ক) গাইনী ও সার্জারির কনসালটেন্ট নাই। ইওসি করা এনেস্থেসিস্ট থাকা সত্তেও ওটি এর ব্যবহার নেই।<br>খ) তিন জন ল্যাব টেকনলোজিষ্ট পদের বিপরীতে একজন পদায়িত থাকলেও প্রেষণে কর্মরত।<br>গ) বায়োকেমিকেল এনালাইজার নষ্ট বিধায় সংশ্লিষ্ট পরিক্ষা নিরীক্ষা করা যাচ্ছে না।<br>ঘ) UHFPO-এর ব্যবহারের জন্য কোন গাড়ী নেই। | সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রণালয়ের উইং প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা হলো। | ১. সংশ্লিষ্ট উইং প্রধান<br><br>২. সিটিএম, নিমিউ |

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

৪/৪/২০১৭

(মোঃ আনোয়ার হোসেন)
যুগ্মসচিব (পার) অনুবিভাগ
স্বাস্থ্য সেবা বিভাগ
ও
সভাপতি
মনিটরিং টিম
ফোনঃ ৯৫৪০২০৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবাস্থাপনা-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (প্রশাসন-৪ মনিটরিং) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯। উপসচিব (মেরামত শাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব (জনস্বাস্থ্য-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। উপপরিচালক, (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব (মাননীয় মন্ত্রীর দপ্তর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সিস্টেম এনালিষ্ট (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪। জনাব সুকেন্দু শেখর রায়, সিস্টেম এনালিষ্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৫। ডাঃ মোঃ আবুল বাসার সরকার, মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬। ডাঃ মুহাম্মদ আনোয়ার সাদাত, মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৭। পরিসংখ্যান কর্মকর্তা (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২। পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।

(মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী)
সদস্য সচিব
মনিটরিং টিম

E:\Hospatel-1\All Bangla Letter-17.docx